BICM
Endeavour Education Excellence

# বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট

৩৪, তোপখানা রোড, বিজিআইসি টাওয়ার (১ম-৪র্থ ও ৯ম তলা), ঢাকা-১০০০

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারকঃ বিআইসিএম/প্রশাসন/নিয়োগ২০১৮-১৯/০০৪/১৮-১৫৫৫ তারিখঃ ২৩ অক্টোবর, ২০১৮

বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) পুঁজিবাজারের তাত্ত্বিক ও প্রায়োগিক জ্ঞান প্রসারের জন্য সরকারি অর্থায়নে পরিচালিত জাতীয় প্রতিষ্ঠান। বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত ইন্সটিটিউটের বেতন কাঠামো এবং সাংগঠনিক কাঠামো অনুযায়ী ইন্সটিটিউটের শূন্য পদে স্থায়ী এবং চুক্তিভিত্তিক নিয়োগের জন্য নিম্নোক্ত পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নম্বর | পদের নাম, বয়স সীমা ও পদের সংখ্যা | নিয়োগের যোগ্যতা | মাসিক বেতন |
|---|---|---|---|
| ১। | পরিচালক (প্রশাসন ও অর্থ) অনূর্ধ্ব ৫৫ বছর ১টি (স্থায়ী পদ) | ফিন্যান্স, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা বা ব্যবসা প্রশাসন এ স্নাতকোত্তর ডিগ্রী/ সিএ/ সিএমএ। প্রশাসন ও আর্থিক সংশ্লিষ্ট পদে কর্মকর্তা হিসেবে অন্যূন ২০ বছরের পেশাগত অভিজ্ঞতা। | মূল বেতন ১,২০,০০০ টাকা, অন্যান্য ভাতাদিসহ সর্বমোট ১,৯৫,২৫০ টাকা এবং ড্রাইভার ও জ্বালানী সহ সার্বক্ষণিক গাড়ীর সুবিধা |
| ২। | সিস্টেম এনালিস্ট (আইটি) অনূর্ধ্ব ৫০ বছর ১টি (চুক্তিভিত্তিক) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান ও ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রী। তথ্য প্রযুক্তি সেক্টরে নিম্নলিখিত বিষয়ে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সহ মোট ১২ (বার) বৎসরের অভিজ্ঞতাঃ<br>(ক) .নেট, এএসপি.নেট, পিএইচপি, জাভা, এসটিএমএল এবং এসকিউএল সার্ভার কাজ<br>(খ) সিসকো ফায়ার ওয়াল, রাউটার এবং সুইচ কনফিগারেশন ও ট্রাবল সুটিং;<br>(গ) পুরো প্রতিষ্ঠানের রিমোট ও লোকাল ল্যান/ওয়ান এবং ইন্টারনেটে সিকিউরিটি<br>(ঘ) লাইনাক্স ভিত্তিক মেইল সার্ভার এবং সিস্টেম এডমিনিস্ট্রেশন<br>কম্পিউটার বিজ্ঞান ও ইঞ্জিনিয়ারিং এ স্নাতকোত্তর ডিগ্রী। সিসিএনএ, সিসিএনপি, সিসিএসপি, এমসিপি, এমসিআইটিপি বা অন্য কোন লাইনাক্স, ইউনিক্স বা ওরাক্‌ল ভিত্তিক সার্টিফিকেটধারী অগ্রাধিকার পাবে। | মূল বেতন ১,২০,০০০ টাকা, অন্যান্য ভাতাদিসহ সর্বমোট ১,৯৫,২৫০ টাকা এবং ড্রাইভার ও জ্বালানী সহ সার্বক্ষণিক গাড়ীর সুবিধা |
| ৩। | পরীক্ষা নিয়ন্ত্রক অনূর্ধ্ব ৫০ বছর ১টি (স্থায়ী পদ) | যে কোন বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী [যে কোন একটিতে ন্যুনতম সিজিপিএ ৩.২ থাকতে হবে] ।কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে বা ইন্সটিটিউটে পরীক্ষা নিয়ন্ত্রণ সংক্রান্ত কাজে ন্যুনতম ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতাসহ কর্মকর্তা হিসাবে মোট ১২ (বার) বছরের অভিজ্ঞতা। | মূল বেতন ১,১০,০০০ টাকা, অন্যান্য ভাতাদিসহ সর্বমোট ১,৭৭,১০০ টাকা। |
| ৪। | সচিব অনূর্ধ্ব ৫০ বছর ১টি (স্থায়ী পদ) | চার্টার্ড সেক্রেটারী, সিএমএ বা সিএ। কোন খ্যাতনামা পতিষ্ঠানে কোম্পানি সচিব ও হিসাব কর্মকর্তা হিসাবে অন্যূন ৫ (পাঁচ) বছর অভিজ্ঞতা। | মূল বেতন ৯৫,০০০ টাকা, অন্যান্য ভাতাদিসহ সর্বমোট ১,৫১,২৫০ টাকা |
| ৫। | লাইব্রেরিয়ান অনূর্ধ্ব ৪০ বছর ১টি (স্থায়ী পদ) | লাইব্রেরী সায়েন্স এ প্রথম শ্রেণীর সম্মান বা চার বৎসর মেয়াদী স্নাতক ও প্রথম শ্রেনীর স্নাতকোত্তর ডিগ্রী [উভয়ক্ষেত্রে ন্যুনতম সিজিপিএ ৩.২ থাকতে হবে]<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইন্সটিটিউটে লাইব্রেরীয়ান বা সহকারী লাইব্রেরীয়ান হিসাবে ৫ (পাঁচ) বছরের চাকুরী। | মূল বেতন ৪০,০০০ টাকা, অন্যান্য ভাতাদিসহ সর্বমোট ৬৩,১০০ টাকা |
| ৬। | সহকারী সচিব অনূর্ধ্ব ৩২ বছর ১টি (স্থায়ী পদ) | ফিন্যান্স, ব্যবসায় প্রশাসন, হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা,অর্থনীতি অথবা পরিসংখ্যানে প্রথম শ্রেণীর সম্মান বা চার বৎসর মেয়াদী স্নাতক ও প্রথম শ্রেনীর স্নাতকোত্তর ডিগ্রী [উভয়ক্ষেত্রে ন্যুনতম সিজিপিএ ৩.২ থাকতে হবে] | মূল বেতন ৩৫,০০০ টাকা, অন্যান্য ভাতাদিসহ সর্বমোট ৫৫,৪০০ টাকা |

| | | | |
|---|---|---|---|
| ০৭। | ফটোগ্রাফার<br>অনূর্ধ্ব ৩২ বছর<br>১টি (চুক্তিভিত্তিক) | যে কোন বিষয়ে স্নাতক, প্রফেশনাল ফটোগ্রাফার হিসাবে সার্টিফিকেট থাকতে হবে। | মূল বেতন ১৬,০০০ টাকা, অন্যান্য ভাতাদিসহ সর্বমোট ২৮,১০০ টাকা |
| ০৮। | গাড়ী চালক<br>অনূর্ধ্ব ৩২ বছর<br>১টি (স্থায়ী পদ),<br>মুক্তিযোদ্ধা কোটা | অষ্টম শ্রেণী পাশ এবং হালকা যানবাহন চালনায় লাইসেন্সধারীসহ গাড়ী চালনায় কমপক্ষে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা। | মূল বেতন ১২,০০০ টাকা, অন্যান্য ভাতাদিসহ সর্বমোট ২১,৭০০ টাকা |

* নির্বাচিত প্রার্থীগণ নিয়ম অনুযায়ী ইন্সটিটিউটের খরচে বিদেশে প্রশিক্ষণ এবং শিক্ষা ছুটির সুবিধা পাবেন।
* প্রতিষ্ঠানের কর্মচারীগণ সরকারি নিয়মানুযায়ী বাংলা নববর্ষ ভাতা ও উৎসব ভাতাসহ অন্যান্য আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন;

শর্তাবলীঃ

(১) আগ্রহী প্রার্থীর নাম, পিতার নাম/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স (২২ নভেম্বর, ২০১৮ তারিখে), জাতীয়তা, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণসহ বিআইসিএম এর ওয়েবসাইট (www.bicm.ac.bd/about/career) হতে সংগৃহীত আবেদন পত্রে নমুনা মোতাবেক স্বাক্ষরযুক্ত আবেদনপত্র ও প্রামাণিক দলিল এবং সনদপত্র সমূহ ডাকযোগে/সরাসরি নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম), ৩৪ তোপখানা রোড, বিজিআইসি টাওয়ার (১ম-৪র্থ তলা) ঢাকা-১০০০ বরাবর আগামী ২২ নভেম্বর, ২০১৮ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

(২) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদের অনুলিপি, মার্কশীট এর অনুলিপি, ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, নাগরিক সনদপত্র, অভিজ্ঞতার সদনপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) ।

(০৩) আবেদনপত্রের খামের উপরে ডান পাশে পদের নাম অবশ্যই উল্লেখ থাকতে হবে।

(০৪) সরকারি, আধা-সরকারি,দপ্তর/সংস্থা, সায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

(০৫) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত এবং উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সনদসমূহের সত্যায়িত কপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট এর অনুলিপির সত্যায়িত কপি, সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার জন্মতারিখের প্রমাণপত্র দাখিল করতে হবে।

(০৬) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

(০৭) প্রার্থীকে সাক্ষাতকারের সকল সনদের ও প্রামাণিক দলিলের মূলকপি প্রদর্শন করতে হবে।

(০৮) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধিবিধান অনুসরণ করা হবে।

(০৯) লিখিত পরীক্ষা/সাক্ষাতকারের জন্য কোন রকম ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

(১০) কর্তৃপক্ষ পদের সংখ্যা/হ্রাস বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন। শুধুমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচনা করা হবে।

(১১) নিয়োগ সংক্রান্ত তথ্য বিআইসিএম এর ওয়েব সাইটে (www.bicm.ac.bd) এ পাওয়া যাবে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে ইনস্টিটিউটের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

নির্বাহী প্রেসিডেন্ট
বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট
বিজিআইসি টাওয়ার (১ম-৪র্থ ও ৯ম তলা),
৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০।